



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতার জন্মবার্ষিকী উপলক্ষে জবিতে রচনা ও কুইজ প্রতিযোগিতা এবং কিমস গেমের পুরস্কার বিতরণী ও আলোচনা সভা অনুষ্ঠিত



স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েলের ১৬৩তম জন্মবার্ষিকী উপলক্ষে “পৃথিবীকে যেমন পেয়েছে, তার চেয়ে সুন্দর করে রেখে যেতে চেষ্টা করো” স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে ২৩ ফেব্রুয়ারি-২০২০, বৃহস্পতিবার ‘স্কাউটিং ও ব্যাডেন পাওয়েল’ শীর্ষক রচনা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা এবং কিমস গেমের পুরস্কার বিতরণী অনুষ্ঠান এবং আলোচনা সভা উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সম্পাদক অধ্যাপক ড. মো: মনিরুজ্জামান খন্দকার- এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ, রেজিস্ট্রার প্রকৌশলী মো: ওহিদুজ্জামান, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল। এছাড়াও রোভার স্কাউট

লিডার জনাব মিন্টু আলী বিশ্বাস, জনাব নাহরিন জান্নাত হোসাইন, কাজী ফারুক হোসেন ও রোভার স্কাউট গ্রুপের বিভিন্ন স্তরের রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান স্কাউট দিবসের (বিপি দিবস) কেক কাটেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন।